সমকাল

24 AUG 2016

# গাজীপুরে পুলিশ-শিক্ষার্থী সংঘর্ষ, আহত ২০

## সিলেট রাজশাহী কুষ্টিয়া ও আমতলীতে আহত ২৬

■ সমকাল ডেস্ক

গাজীপুরের পুলিশ-শিক্ষার্থী সংঘর্ষে ২০ জন আহত হয়েছে। সিলেটের পুলিশের ওপর হামলা চালানোর ঘটনায় ছাত্রলীগের ১০ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রাজশাহীতে শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষে আহত ১২ জন, কুষ্টিয়ায় আওয়ামী লীগ ও জাসদের মধ্যে সংঘর্ষে আহত ৩ জন এবং বরগুনার তালতলীতে জমি নিয়ে বিরোধে সংঘর্ষে ১১ জন আহত হয়েছেন বলে জানা গেছে। ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর :

**গাজীপুর** : গাজীপুর পূবাইল হারবাইদ স্কুল অ্যান্ড কলেজের ছাত্রছাত্রী ও জয়দেবপুর থানা পুলিশের মধ্যে দফায় দফায় সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় উভয়পক্ষের অন্তত ২০ জন আহত হয়েছেন। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা পুলিশের টহল গাড়ি ও একটি কাভার্ডভ্যান ভাংচুর করেন। আহতদের গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে এ ঘটনা ঘটে।

ওই বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্র পল্লব জানিয়েছে, পিরিচ পরীক্ষার ফলাফলে খারাপ করায় ইংরেজি বিভাগের শিক্ষক আবু বকর সিদ্দিক তাকে চড়-থাপ্পড় দিয়ে শাসন করেন।

এতে ওই শিক্ষার্থীর বাবা পলাশ জানিয়েছেন, পিরিচ ক্ষুব্ধ হয়ে সোমবার দুপুরে শিক্ষক আবু বকর সিদ্দিককে মারধর করে। শিক্ষককে পেটানোর খবর বিদ্যালয়ে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীরা গতকাল মঙ্গলবার সকালে ক্লাস বর্জন করে বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল বের করে। পরে তারা টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল আঞ্চলিক সড়কের মিরেরবাজারে গিয়ে সড়ক অবরোধ করে রাখে। এতে সড়কের উভয় পাশে তীব্র যানজটের সৃষ্টি হলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের রাস্তা থেকে সরিয়ে দিতে চেষ্টা করে। এ সময় উত্তেজিত শিক্ষার্থীরা পুলিশের ওপর ইট-পাটকেল নিক্ষেপ করলে পুলিশ তাদের ছত্রভঙ্গ করতে লাঠিচার্জ করে। এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এতে কয়েক পুলিশ সদস্য, পূবাইল ফাঁড়ির ইনচার্জ মোবারক হোসেনসহ অন্তত ২৫ শিক্ষার্থী আহত হন। এ সময় ক্ষুব্ধ শিক্ষার্থীরা পুলিশের একটি মাইক্রোবাস এবং একটি কাভার্ডভ্যান ভাংচুর করে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মারফত আলী জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য বিদ্যালয় দু'দিনের ছুটি ঘোষণা করা হয়েছে। জয়দেবপুর থানার ওসি খন্দকার রেজাউল হাসান রেজা বলেন, নবম শ্রেণির শিক্ষার্থী পল্লব পিরিচের বাবা পলাশ পিরিচকে আসামি করে প্রধান শিক্ষক মারফত আলী দেওয়ান জয়দেবপুর থানায় একটি মামলা করেছেন। অন্যদিকে পুলিশও বাদী হয়ে তার বিরুদ্ধে আরও একটি মামলা করেছে।

**সিলেট** : নিরাপত্তার জন্য ব্যারিকেড দিয়ে যানবাহন চলাচল বন্ধ করে দেওয়া সড়কে মোটরসাইকেল চালাতে বাধা দেওয়ায় পুলিশের ওপর হামলা চালিয়েছে ছাত্রলীগ। সোমবার রাতে আম্বরখানা এলাকায় এ হামলায় ছয় পুলিশ ছাড়াও বেশ কয়েকজন পথচারী আহত হন। খবর পেয়ে অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে যাওয়ার পর হামলাকারীরা সুবিদবাজারের দিকে পালিয়ে যায়। পুলিশ ঘটনাস্থল থেকে ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সহ-সম্পাদক মাসুদ কামাল সুফিসহ ১০ জনকে গ্রেফতার করে।

**রাজশাহী** : একটি অনুষ্ঠানের জন্য তোলা চাঁদা জমা না দেওয়া নিয়ে রাজশাহী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজির (আইএইচটি) চাঁপাইনবাবগঞ্জ ও টাঙ্গাইলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় অন্তত ১২ শিক্ষার্থী আহত হয়েছেন। মঙ্গলবার দুপুর ১২টার দিকে নগরীর লক্ষ্মীপুর ঝাওতলা-সংলগ্ন আইএইচটি প্যারামেডিকেলে এ ঘটনা ঘটে।

**কুষ্টিয়া** : ভেড়ামারায় একটি মাজারের দখল নিয়ে আওয়ামী লীগ ও জাসদ সমর্থকদের মধ্যে সংঘর্ষে তিনজন আহত হয়েছেন। এর মধ্যে আওয়ামী লীগের দু'জন ও জাসদের একজন কর্মী রয়েছেন। সোমবার রাত ৮টার দিকে উপজেলার ধরমপুর ইউনিয়নের ঘোড়েশাহ বাবার মাজারে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

**আমতলী (বরগুনা)** : তালতলী উপজেলার চাউলাপাড়া গ্রামে মঙ্গলবার সকালে বিরোধীয় জমির দখল নেওয়াকে কেন্দ্র করে সংঘর্ষে ১১ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে ১০ জনকে পটুয়াখালী ও একজনকে কলাপাড়া হাসপাতালে ভর্তি করা হয়েছে।